অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/24/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ভয়াবহ ভূমিকম্পের এক মাস পর, ভেনিজুয়েলান কমিউনিটি এবং নিউ ইয়র্কজুড়ে তাদের সহযোগীদের জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সংবলিত ওয়েবসাইটের উদ্বোধন করলেন গভর্নর হোকল

উদ্ধার ও ত্রাণ কার্যক্রমে সহায়তা করার উপায় সম্পর্কিত তথ্য এবং অনুদান জালিয়াতি বা স্ক্যাম সম্পর্কে সতর্ক থাকার টিপস অন্তর্ভুক্ত রয়েছে এই সহায়তামূলক তথ্যাবলিতে

গভর্নরের ওয়েবসাইটটি এখানে পাওয়া যাবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ভেনিজুয়েলান কমিউনিটি এবং নিউ ইয়র্ক (New York) জুড়ে তাদের সহযোগীদের জন্য প্রয়োজনীয় তথ্যাবলি সংবলিত একটি নতুন ওয়েবসাইটের উদ্বোধন করেছেন। দেশটিতে ভয়াবহ ভূমিকম্পের এক মাস পরও ভেনিজুয়েলা (Venezuela) এখনও অত্যন্ত সংকটময় পরিস্থিতির মুখোমুখি এবং গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কবাসীদের প্রতি পুনর্বাসন ও ত্রাণ প্রচেষ্টায় সাহায্য চালিয়ে যাওয়ার আহ্বান জানিয়ে যাচ্ছেন। ভেনিজুয়েলান কমিউনিটির সাথে নিউ ইয়র্কের গভীর সম্পর্কের বিষয়টি অনুধাবন করে, তিনি অঞ্চলে মানবিক সহায়তা কার্যক্রমে সহায়তার জন্য 'হিস্পানিক ফেডারেশন'-এর সাথে অংশীদারিত্ব করছেন এবং একই সাথে সম্ভাব্য অনুদান জালিয়াতি সম্পর্কে সতর্ক করছেন।

"ভয়াবহ ভূমিকম্পের এক মাস পর, নিউ ইয়র্কের অনেকে সহ হাজার হাজার ভেনিজুয়েলান পরিবার এখনও অগাধ ক্ষতি এবং অনিশ্চয়তার সাথে লড়াই করছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীদের প্রতি আহ্বান জানাচ্ছি, যেন তারা মাঠপর্যায়ে ত্রাণ সরবরাহকারী বিশ্বস্ত মানবিক সংস্থাগুলোকে সহায়তা করার মাধ্যমে আমাদের স্টেটের সেই মহান উদারতার ধারা বজায় রাখেন। আপনি যদি অনুদান দেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে অনুগ্রহ করে জালিয়াতির বিষয়ে সতর্ক থাকুন, যাতে আপনার প্রতিটি ডলার সেইসব মানুষ ও কমিউনিটির কাছে পৌঁছায় যাদের এটি সবচেয়ে বেশি প্রয়োজন।"

যেহেতু ভেনিজুয়েলা এই ভয়াবহ বিপর্যয় থেকে ঘুরে দাঁড়ানোর চেষ্টা চালিয়ে যাচ্ছে, তাই গভর্নর Hochul (হোকল) উপযুক্ত ভেনিজুয়েলানদের জন্য 'টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস' (সাময়িক সংরক্ষিত মর্যাদা)-এর প্রতি তার সমর্থন পুনর্ব্যক্ত করেছেন। তিনি এটি স্বীকার করেন যে, কোনো মানুষকেই মানবিক সংকটের মুখোমুখি হওয়া দেশে ফিরতে বাধ্য করা উচিত নয়।

মানবিক সহায়তা কার্যক্রমে সমর্থন

ভেনিজুয়েলায় ভয়াবহ ভূমিকম্প আঘাত হানার এক মাস পেরিয়ে গেলেও, সংকটের এই সময়ে নিউ ইয়র্ক আমাদের বৈশ্বিক প্রতিবেশীদের পাশে দাঁড়াতে প্রতিশ্রুতিবদ্ধ। ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোকে সহায়তা করার ধারাবাহিক প্রচেষ্টার অংশ হিসেবে, আমরা ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রমে অবদান রাখতে আগ্রহীদের জন্য 'হিস্পানিক ফেডারেশন' প্রদত্ত তথ্য ও সহায়তার মাধ্যমগুলো শেয়ার করছি।

হিস্পানিক ফেডারেশন – আয়ুদা আ লস পুয়েবলোস: ভেনিজুয়েলা দুর্যোগ ত্রাণ

- দেশের বৃহত্তম ল্যাটিনো অলাভজনক সদস্য সংগঠন 'হিস্পানিক ফেডারেশন', 100,000 মার্কিন ডলারের একটি জরুরি ত্রাণ তহবিল ঘোষণা করেছে: আয়ুদা আ লস পুয়েবলোস: ভেনিজুয়েলা দুর্যোগ ত্রাণ।
- তারা 'এইড ফর লাইফ' এবং 'কাসা দে ভেনিজুয়েলা অরল্যান্ডো'-র মতো স্থানীয় গোষ্ঠীগুলোর সাথে সুদৃঢ় সম্পর্ক থাকা সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব করছে, যারা সমগ্র ভেনিজুয়েলাজুড়ে খাদ্য, বিশুদ্ধ পানি, জরুরি আশ্রয় এবং জরুরি প্রয়োজনীয় সামগ্রীসহ তাৎক্ষণিক মানবিক সহায়তা পৌঁছানোর কাজ করছে।

এইড ফর লাইফ – ভেনিজুয়েলা ভূমিকম্প জরুরি ত্রাণ তহবিল

- ভেনিজুয়েলায় অবস্থানরত মাঠপর্যায়ের টিমটি রিয়েল-টাইমে বা তাৎক্ষণিকভাবে ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোর জরুরি চাহিদা মূল্যায়ন করছে এবং খাদ্য, বিশুদ্ধ পানি ও চিকিৎসা সামগ্রী সরবরাহ করছে।
- সংগৃহীত অনুদান সরাসরি ভেনিজুয়েলার ভেতরে থাকা সেই টিমের কাছে চলে যায়, যারা উদ্ধারকার্য পরিচালনাকারী 'ইউনিভার্সিটি সেন্ট্রাল ডি ভেনিজুয়েলা'-র শিক্ষার্থীদের পাশাপাশি জরুরি ভিত্তিতে চিকিৎসা সামগ্রীর প্রয়োজন থাকা হাসপাতাল ও ক্লিনিকসহ স্থানীয় সংস্থাগুলোর সাথে সমন্বয় করে কাজ করছে।

কাসা দে ভেনিজুয়েলা অরল্যান্ডো – জরুরি ত্রাণ সহায়তা প্রতিক্রিয়া

- যুক্তরাষ্ট্রে বিদ্যমান 'নেটওয়ার্ক অব ভেনিজুয়েলান অর্গানাইজেশনস' এবং স্থানীয় দলগুলোর সাথে অংশীদারিত্বের মাধ্যমে জরুরি চিকিৎসা সহায়তা ও সামগ্রী প্রদান করছে। পাশাপাশি, ভেনিজুয়েলার ভেতরে ও বাইরে থাকা পরিবারগুলোকে মানসিক সহায়তা প্রদানের মাধ্যমে তারা কমিউনিটিগুলোর জন্য ধারাবাহিক ও দীর্ঘমেয়াদী সমর্থন নিশ্চিত করছে।

ওয়ার্ল্ড সেন্ট্রাল কিচেন - ভেনিজুয়েলা জরুরি খাদ্য ত্রাণ

- মাঠপর্যায়ের সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব করে এবং ফুড ট্রাক বা জরুরি রান্নাঘরের একটি নেটওয়ার্ক সক্রিয় করার মাধ্যমে, 'ওয়ার্ল্ড সেন্ট্রাল কিচেন' (WCK) দুর্যোগে

ক্ষতিগ্রস্ত কমিউনিটিগুলোকে তাজা ও মানানসই খাবারের পাশাপাশি বিশুদ্ধ পানি ও বরফ সরবরাহ করে থাকে।

- সাম্প্রতিক ভেনিজুয়েলা ভূমিকম্পের পরবর্তী সপ্তাহগুলোতে সংস্থাটি এক মিলিয়নেরও বেশি খাবার পরিবেশন করেছে এবং কমিউনিটি কিচেনগুলোর সক্ষমতা বাড়াতে খাদ্য সামগ্রী, রান্নাঘরের সরঞ্জাম, অবকাঠামোগত উন্নয়ন ও রান্নার প্রশিক্ষণ দিয়ে সহায়তা প্রদান করেছে।

দান সংক্রান্ত প্রতারণা এড়িয়ে চলা

যেকোনো দুর্যোগের পরপরই প্রতারক চক্র সাহায্য করতে আগ্রহী মানুষদের আবেগ ও সহানুভূতির সুযোগ নিয়ে থাকে। ভেনেজুয়েলার সাম্প্রতিক ভূমিকম্পকে কেন্দ্র করে প্রতারকরা ভুয়া দাতব্য সংস্থা গঠন কিংবা নিজেদের নিপীড়িত ভুক্তভোগী হিসেবে উপস্থাপন করার সুযোগ তৈরি করে দিয়েছে। আবার অনেকেই প্রতারণার উদ্দেশ্যে আসল দাতব্য সংস্থার মতো দেখতে নকল ওয়েবসাইট তৈরি করে অসতর্ক দাতাদের অর্থ এবং/অথবা ব্যক্তিগত তথ্য হাতিয়ে নেয়।

আপনার অনুদানের অর্থ যেন ভুল হাতে না পড়ে, তা নিশ্চিত করতে নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব স্টেটের ভোক্তা সুরক্ষা ডিভিশন নিচের সতর্কতাগুলো অনুসরণের পরামর্শ দিচ্ছে:

- **অনুরোধটি যাচাই করুন:** প্রতারকরা সামাজিক যোগাযোগমাধ্যমে বন্ধু, পরিবারের সদস্য বা প্রেমের সম্পর্কে আগ্রহী হিসেবে নিজেদের উপস্থাপন করছে এবং অনুদানের জন্য অনুরোধ করার প্রবণতা বাড়াচ্ছে। আপনি যদি অনলাইনে কোনো অপ্রত্যাশিত অনুদানের আবেদন পান—এমনকি তা আপনার পরিচিত কারও কাছ থেকে এসেছে বলে মনে হলেও—অন্য কোনো যোগাযোগের মাধ্যমে সরাসরি সেই ব্যক্তির সাথে যোগাযোগ করে অনুরোধটির সত্যতা যাচাই করুন। মূল উৎস যাচাই করার আগে কোনো লিঙ্কে ক্লিক করবেন না বা ফর্ম পূরণ করবেন না। আর যদি অনুরোধটি অনলাইনে নতুন পরিচিত কারও কাছ থেকে আসে, তাহলে এটি প্রতারণা হওয়ার সম্ভাবনাই বেশি এবং আপনার বিশেষভাবে সতর্ক থাকা উচিত।
- **ভুয়া দাতব্য সংস্থা সম্পর্কে সচেতন থাকুন:** কিছু প্রতারক ভুয়া "দাতব্য সংস্থা" গড়ে তোলে এবং সুপরিচিত দাতব্য প্রতিষ্ঠানের নামের সাথে মিল রেখে আপনাকে বিভ্রান্ত করার চেষ্টা করে। প্রতিষ্ঠানের পুরো নাম, ওয়েব ঠিকানা, যোগাযোগের তথ্য ইত্যাদির দিকে ভালোভাবে নজর দিন। আপনাকে ঠকানোর উদ্দেশ্যে প্রতারকরা পরিচিত ও বিশ্বস্ত কোনো সংস্থার নাম নকল বা অনুকরণ করতে পারে।
- **দাতব্য সংস্থাটি সম্পর্কে অনুসন্ধান করুন:** শুধু দাতব্য প্রতিষ্ঠানের নিজস্ব ওয়েবসাইটের ওপর নির্ভর করবেন না। কোনো সংস্থায় দান করার আগে অনলাইনে সেই সংস্থার নামের পাশাপাশি "review" (পর্যালোচনা) এবং "scam" (প্রতারণা)-এর মতো শব্দ যুক্ত করে অনুসন্ধান করুন। ফেডারেল ট্রেড কমিশন (Federal Trade Commission) দাতব্য সংস্থাগুলোর রিপোর্ট ও রেটিং দেখার জন্য give.org, charitynavigator.org, charitywatch.org, বা candid.org ওয়েবসাইটগুলো চেক করার পরামর্শ দেয়। এছাড়াও, কোনো দাতব্য প্রতিষ্ঠান নিবন্ধিত কি না তা জানার জন্য আপনি অভ্যন্তরীণ রাজস্ব পরিষেবার (Internal Revenue Service, IRS) তথ্যও যাচাই করতে পারেন। পাশাপাশি,

কোনো সংস্থায় অনুদান দেওয়ার আগে সেটি আর্থিকভাবে স্বচ্ছ ও নির্ভরযোগ্য কি না তা নিশ্চিত করতে অ্যাটর্নি জেনারেলের দপ্তর (Office of the Attorney General)-এর 'চ্যারিটিজ রেজিস্ট্রি' থেকে তাদের আর্থিক প্রতিবেদনগুলো পর্যালোচনা করে নেয়ার পরামর্শ দিচ্ছে।

- **উচ্চ চাপের কৌশল প্রতিহত করুন:** যদিও পরিস্থিতিটি অতি জরুরি, কিন্তু ভোক্তাদের অবিলম্বে দান করার চাপ প্রতিহত করা উচিত। প্রতারকরা প্রায়শই আপনাকে অবিলম্বে দান করার জন্য চাপ দেয়, যাতে আপনি তাদের গল্পের অসঙ্গতিগুলো খেয়াল করতে না পারেন। "ভুক্তভোগী" ও সলিসিটরদের কাছ থেকে পাওয়া সরাসরি ইমেইল থেকে সাবধান থাকুন যারা হৃদয়-বিদারক কোনো গল্প শুনিয়ে আপনাকে তাৎক্ষণিকভাবে অনুদানের তাগিদ দেয়। অপ্রত্যাশিত টেলিমার্কেটারদের কাছে ফোনের মাধ্যমে টাকা দেবেন না; বরং আপনি যদি দান করতে চান, তাহলে কলকারীকে উক্ত দাতব্য সংস্থা সম্পর্কে এবং কোথায় অনুদান প্রদান করতে হবে সে সম্পর্কে লিখিত উপকরণ পাঠাতে বলুন।
- **ব্যক্তিগত তথ্য গোপন রাখুন:** অর্থ দান করার অযাচিত কোনো অনুরোধের উত্তরে কখনোই আপনার সোশ্যাল সিকিউরিটি নম্বর, ক্রেডিট বা ডেবিট কার্ডের নম্বর অথবা ব্যক্তিগত শনাক্তকারী অন্যান্য তথ্য প্রদান করবেন না। অনলাইনে অনুদান দেওয়ার ক্ষেত্রে চূড়ান্ত লেনদেনের আগে আপনার ইন্টারনেট সংযোগটি সুরক্ষিত কি না তা নিশ্চিত হয়ে নিন।
- **আপনার অর্থ কীভাবে ব্যয় করা হবে তা জেনে নিন:** ভোক্তারা স্বাভাবিকভাবেই জানতে চান যে তাদের অর্থ সরাসরি ভুক্তভোগীদের কাছে পৌঁছাচ্ছে কি না। একটি সত্যিকারের দাতব্য সংস্থা আপনাকে এটা জানাতে সক্ষম হবে যে আপনার দানের অর্থের মধ্যে কী পরিমাণ প্রশাসনিক ফি হিসেবে ব্যয় হবে এবং কী পরিমাণ সরাসরি কর্মসূচির জন্য ব্যয় হবে।
- **চেক বা ক্রেডিট কার্ডের মাধ্যমে অনুদান দিন:** কখনোই নগদ অর্থ, গিফট কার্ড, ক্রিপ্টো কারেন্সি বা এমন কোনো মাধ্যমে অর্থ দেবেন না যার উৎস বা গতিপথ ট্র্যাক করা কঠিন। আপনার কাছে দানের রেকর্ড আছে তা নিশ্চিত করতে চেক বা ক্রেডিট কার্ড দিয়ে অর্থ দান করুন। চেক সর্বদা সংশ্লিষ্ট দাতব্য প্রতিষ্ঠানের নামে ইস্যু করুন, কোনো ব্যক্তির নামে নয়। আপনি যদি দাতব্য প্রতিষ্ঠানের ওয়েবসাইটের মাধ্যমে দান করা বেছে নেন, তাহলে ওয়েবসাইটটি সুরক্ষিত কি না এবং আপনার কম্পিউটারে সর্বশেষ সংস্করণের অ্যান্টি-ভাইরাস সুরক্ষা রয়েছে কিনা তা দেখে নিন।

যদি আপনার সন্দেহ হয় যে আপনি অনুদান পাওয়ার জন্য কোনো জালিয়াতি প্রচেষ্টার সম্মুখীন হয়েছেন, তাহলে আপনি নিউ ইয়র্ক ডিপার্টমেন্ট অব স্টেটের ভোক্তা সুরক্ষা বিভাগের (Division of Consumer Protection) কাছে অভিযোগ দায়ের করতে পারবেন। ভোক্তারা যেকোনো সময় www.dos.ny.gov/consumer-protection এ ভোক্তা অভিযোগ দায়ের করতে পারবেন।

এই বিভাগের ভোক্তা সহায়তা হটলাইন স্টেটের ছুটির দিনগুলো বাদ দিয়ে সোমবার থেকে শুক্রবার সকাল 8:30টা থেকে বিকেল 4:30টা পর্যন্ত খোলা থাকে 1-800-697-1220 নম্বরে। আপনি ভোক্তা সুরক্ষা বিভাগকে সোশ্যাল মিডিয়ায় X ও Facebook-এ অনুসরণ করলে আরো তথ্য ও পরামর্শ পেতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।